

# বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়  
মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ ।  
www.bb.org.bd

ডিপার্টমেন্ট অব অফ-সাইট সুপারভিশন

ডিওএস সার্কুলার লেটার নং- ১১

১৮ আষাঢ়, ১৪২২

তারিখ :

০২ জুলাই, ২০১৫

প্রধান নির্বাহী

বাংলাদেশে কার্যরত সকল ব্যাংক কোম্পানী ।

প্রিয় মহোদয়,

তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে তফসিলি ব্যাংকের সংশ্লিষ্ট শাখাসমূহ ১১ জুলাই, ২০১৫ তারিখ খোলা রাখা প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে স্মরণযোগ্য যে, ০৭/১২/২০০৬ তারিখের ডিওএস সার্কুলার লেটার নং-১৮ মোতাবেক বর্তমানে বিমান, সমুদ্র/নৌ ও স্থল বন্দরস্থ বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ প্রতি শুক্রবার ও শনিবার এবং দেশের অপরাপর স্থানে অবস্থিত বাণিজ্যিক ব্যাংকের এডি শাখাসমূহ শনিবার স্বীয় বিবেচনায় খোলা রাখার নির্দেশনা বহাল রয়েছে ।

০২। এক্ষণে, আসন্ন ঈদ-উল-ফিতর এর পূর্বে তৈরী পোশাক শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীদের বেতন, বোনাস ও অন্যান্য ভাতাদি পরিশোধের সুবিধার্থে বিজিএমইএ-এর অনুরোধে ঢাকা মহানগরী, আশুলিয়া, টঙ্গী, গাজীপুর, সাভার, নারায়ণগঞ্জ ও চট্টগ্রামে অবস্থিত পোশাক শিল্প এলাকার তফসিলি ব্যাংকের কেবলমাত্র তৈরী পোশাক শিল্প সংশ্লিষ্ট শাখাসমূহ পর্যাপ্ত নিরাপত্তা নিশ্চিতকরণপূর্বক আগামী ১১ জুলাই, ২০১৫ তারিখ শনিবার খোলা রাখার পরামর্শ দেয়া যাচ্ছে ।

০৩। ১১ জুলাই, ২০১৫ তারিখ শনিবার ছুটির দিন হওয়ায় ঐদিন অফিস কাজে যোগদানকারী কর্মকর্তা/কর্মচারীদেরকে সম্মানজনক যুক্তিসংগত ভাতা প্রদানের জন্যও আপনাদেরকে পরামর্শ দেয়া যাচ্ছে ।

অনুগ্রহপূর্বক প্রাপ্তি স্বীকার করবেন ।

আপনাদের বিশ্বস্ত,

স্বা/-

( মোঃ ইব্রাহিম ভূঁইয়া )

উপ-মহাব্যবস্থাপক

ফোন : ৯৫৩০২০৭